# সোনালী ব্যাংক পিএলসি

*বিশ্বস্ত ও স্মার্ট*

তারিখঃ ০৪/১১/২০২৬

## নিলাম বিজ্ঞপ্তি

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, লালদিঘী কর্পোরেট শাখা, চট্টগ্রাম এর ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স মৌসুমী টাওয়েলস লিমিটেড, ঠিকানা - নজরের টিলা, মরিয়মনগর, থানা- রাঙ্গুনিয়া, জেলা- চট্টগ্রাম; হাল ঠিকানা-আনজুমান বিল্ডিং, ৩য় তলা, ১৫৫, আন্দরকিল্লা, থানা- কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম এর নিকট ১৭/০৪/২০০৭ তারিখ পর্যন্ত সুদসহ অর্থঋণ জারী মামলা নং ৫৬/২০০৭ এ দাবীকৃত ব্যাংকের পাওনা ৩৬,০৪,৫০,৮৪৬/- টাকা মোকদ্দমা দায়েরের তারিখ হতে অন্যান্য খরচ ও আদায় কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত স্থাবর সম্পত্তি যাহা রেজিঃ অপরিবর্তনীয়/অপ্রত্যাহারযোগ্য আমমোক্তারনামা মূলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত এবং আদালত থেকে ২১/০৭/২০২৬ তারিখে ৩৩(৫) ধারায় ব্যাংকের অনুকূলে সনদপ্রাপ্ত, যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রীর জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### "সম্পত্তির তফসিল"

১। জিলা- চট্টগ্রাম, থানা- রাঙ্গুনিয়া, মৌজা- সৈয়দ বাড়ী, আর.এস. খতিয়ান নং-৯০৭, ৮৯৪, আর.এস. দাগ নং-২৮৬৮, ২৮৬৯, ২৮৭০ জমির পরিমান ৪২ শতক (২১ গন্ডা ভূমির উপর যাবতীয় অবকাঠামো ও মেশিনপত্র ফিটিংস ইত্যাদি সহ।

২। জিলা- চট্টগ্রাম, থানা- রাংগুনিয়া, মৌজা- কাটাখালী, আর.এস. খতিয়ান নং-৯২৯/১, আর.এস. দাগ নং-৯৫৩, ৯৫৪, জমির পরিমাণ ৩৬ শতক বা (১৮ গন্ডা তদস্থিত যাবতীয় অবকাঠামো সহ। **১ ও ২নং তপশীলে মোট (৪২ শতক + ৩৬ শতক) ৭৮ শতক ভূমির উপর তদস্থিত যাবতীয় অবকাঠামো সহ।**

### শর্তাদিঃ

০৭/১১/২৬

০১। আগামী ... ... ... তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, লালদিঘী কর্পোরেট শাখা, চট্টগ্রাম এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, লালদিঘী কর্পোরেট শাখা, চট্টগ্রাম এ পৌঁছাইতে হইবে।

০২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমূদয় মালামাল ও মেশিনারিজ (যেখানে যে অবস্থায় যাহা রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| আর্নেষ্ট মানি/জামানতের পরিমান | | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের | ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

**দরপত্র দাতাকে উদ্ধৃত দরের ২০%/১৫%/১০% এর সমপরিমান টাকা জামানত স্বরুপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে সংশ্লিষ্ট শাখার অনুকূলে দাখিল করতে হবে।**

০৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধের ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫। দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮। ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ না করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগন বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(মোহাম্মদ আবুবকর ছিদ্দিক)
ডেপুটি জেনারেল ম্যানেজার